

কুয়েটের ভর্তি পরীক্ষা

৬ নভেম্বর

জাবিতে প্রতি আসনে
লড়বে ১০৩ শিক্ষার্থী

যুগান্তর ডেস্ক

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৬ নভেম্বর সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এদিকে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভর্তি পরীক্ষায় এবার প্রতি আসনের জন্য লড়বে ১০৩ জন শিক্ষার্থী। যুগান্তর ব্যুরো, প্রতিনিধিদের পাঠানো খবর—

খুলনা : কুয়েটের ভর্তি পরীক্ষার আবেদনপত্র অনলাইনে পূরণ ও সাবমিশন রোববার রাতে শেষ হচ্ছে। ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে আবেদন ফিস প্রদানের শেষ সময় আগামী ১২ অক্টোবর সোমবার পর্যন্ত। ভর্তি পরীক্ষা আগামী ৬ নভেম্বর সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

১ অক্টোবর ভর্তি পরীক্ষার আবেদনপত্র অনলাইনে পূরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। উল্লেখ্য, আগামী ২৭ অক্টোবর মঙ্গলবার প্রকাশ করা হবে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত যোগ্য প্রার্থীদের নামের তালিকা। ভর্তি পরীক্ষার মাধ্যমে ৮৭৫ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে।
পরীক্ষা : পৃষ্ঠা ৭ : কলাম ৪

পরীক্ষা : কুয়েটের

(৩য় পৃষ্ঠার পর)

জাবি : জাবির ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন ইউনিট ও ইন্সটিটিউটের অন্তর্ভুক্ত বিভাগগুলোর ২০০০ (দুই হাজার) আসনে ভর্তির জন্য এবার মোট আবেদন করেছে ২২৬৪১২ (দুই লাখ ছাব্বিশ হাজার চারশ' ব্যুরো) জন শিক্ষার্থী। সেই হিসাবে প্রতি আসনের জন্য ভর্তি পরীক্ষায় অংশ নেবে ১০৩ জন শিক্ষার্থী। টেলিটক বাংলাদেশের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী প্রথম বর্ষ ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) মোহাম্মদ আলী যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন। বৃহস্পতিবার আবেদন গ্রহণের সময় শেষ হয় এবং শনিবার রাত ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোডের সময় শেষ হওয়ার মাধ্যমে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি আবেদন গ্রহণ শেষ হয়েছে। তবে এখনও কোন ইউনিটে কত শিক্ষার্থী আবেদন করেছে সেই সংখ্যা জানা যায়নি। বিভিন্ন ইউনিটে আবেদনকারীদের সংখ্যা আমলে নিয়ে কয়েকদিনের মধ্যেই পরীক্ষা গ্রহণের বিস্তারিত সময়সূচি দৈনিক পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্য www.juniv.edu/admission থেকে জানা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচির কোনো পরিবর্তন হলে দৈনিক সংবাদপত্র এবং www.juniv.edu/admission-এর মাধ্যমে তা জানানো হবে।